



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৬০৮

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

করিমগঞ্জ ছোবহানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০৪.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১) শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে শিক্ষকগণের ধারণা কম। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকগণের সম্মক ধারণা থাকতে হবে।
- ২) গ্রন্থাগারটি পরিপূর্ণ করতে বইয়ের সংখ্যা বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৩) আরবিতে শিক্ষার্থীরা খুবই দুর্বল। ভবিষ্যতে বড় আলেম সৃষ্টিতে এই বিষয়টি বড় অন্তরায় হতে পারে বিধায় শিক্ষকগণকে আরো জোর দিতে হবে।
- ৪) ছাত্রীদের জন্য কমনরুম, টয়লেট এবং আলাদা নামাজের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৫) আইসিটি বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৬) মাদরাসার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের আরো সচেতন করতে হবে।
- ৭) প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৮) প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি এবং পরীক্ষার ফলাফল আরো ভালো করতে হবে।
- ৯) শিক্ষকদেরকে শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রতিষ্ঠানে গাইড/নোট বইয়ের ব্যবহার নিষিদ্ধ করতে হবে।
- ১০) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Danu 16.10.19

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিঃ দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

করিমগঞ্জ ছোবহানিয়া ফাজিল মাদরাসা

ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৬০৮

তারিখঃ ০১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস. টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, করিমগঞ্জ ছোবহানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।
- ৮। অফিস নথি।

Shirina 16.10.19

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- ঢাকা-৮৮